বইঘর.কম

CHAPTER

# 30 Pin Point Error

Pin Point Error ইংরেজি গ্রামারের একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়। একটি বাক্যের কোথায় ভুল রয়েছে তা বের করা বা Point out করাই হচ্ছে Pin Point Error। ভুলটি হতে পারে Tense, Number, Gender, Determiner, Correction, Case, Gerund, Participle, Parts of Speech ইত্যাদি সংক্রান্ত। তাই গ্রামারের অন্যান্য মৌলিক item-গুলো ভালোভাবে আয়ত্তে থাকলে, Pin Point Error বিষয়টি খুবই সহজ এবং সোজা মনে হবে। যেমন—

**He wanted (ক) to let us (খ) collecting (গ) the specimens (ঘ).**

এই বাক্যে (গ) option-টি ভুল কারণ, আমরা জানি Let + object-এর পর সর্বদা মূল verb ব্যবহৃত হয়।

## 30.1 Subject singular হলে verb singular হবে। Subject plural হলে verb plural হবে। যেমন—

- **A student (ক) need (খ)√ to be educated (গ) on the dangers of (ঘ) drug taking.** — রাজশাহী বিশ্ববিদ্যালয় ইউনিট ই (জোড়) ২০১২-১৩

  **Hints :** *A student হচ্ছে singular subject তাই singular verb বসবে। need এর স্থলে needs হবে।*

- **The influence of (ক) the nation's (খ) literature, art and science (গ) have (ঘ)√ captured widespread (ঙ) attention.** — কুমিল্লা বিশ্ববিদ্যালয় ইউনিট বি-৮ ২০১২-১৩

  **Hints :** *বাক্যের subject (influence) হচ্ছে singular তাই verb-টি singular হবে। have-এর স্থলে has হবে।*

- **A (ক) lunch of (খ) soup and sandwiches do not (গ)√ appeal to (ঘ) all of the students.** — কুমিল্লা বিশ্ববিদ্যালয় ইউনিট বি-১ ২০১৩-১৪

  **Hints :** *do not-এর স্থলে does not হবে। বাক্যের subject, A lunch হচ্ছে singular তাই singular verb হবে।*

## 30.2 Each of, one of, either of, neither of-এর পরে noun/pronoun plural হয়, কিন্তু verb সর্বদা singular হয়। যেমন—

- **Neither of the students (ক) have (খ)√ submitted term paper to the (গ) teacher yet (ঘ).** — রাজশাহী বিশ্ববিদ্যালয় ফিন্যান্স ২০০৮-০৯

  **Hints :** *Neither + of + plural noun + singular verb অর্থাৎ Neither of-এর পরে plural noun এবং singular verb বসে। have-এর স্থলে has হবে।*

www.boighar.com

30.3 Look forward to, addicted to, be/get used to, with a view to, accustomed to ইত্যাদির পর মূল verb-এর সাথে ing যুক্ত হয়। যেমন—

▶ She is looking (ক) forward to go (খ) √ to Europe after she finishes (গ) her studies at (ঘ) the university. — রাজশাহী বিশ্ববিদ্যালয় ফিন্যান্স ২০০৯-১০

Hints : *'Look forward to'-এর পর v + ing হয় বলে go-এর স্থলে going হবে।*

30.4 Much ব্যবহৃত হয় Uncountable noun-এর ক্ষেত্রে এবং many ব্যবহৃত হয় Countable noun-এর ক্ষেত্রে। যেমন—

▶ There were (ক) so much (খ) √ people trying to leave the burning building (গ) that (ঘ) police had a great of trouble controlling them. — কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি-১) ২০১৩-১৪

Hints : *People হচ্ছে countable noun। তাই এর পূর্বে many বসবে।*

30.5 Auxiliary verb– Have, has, had-এর পর verb-এর Past participle form হয়। যেমন—

▶ Before we returned (ক) from swimming in the river near the camp, someone had stole (খ) √ our clothes, and we had to walk back (গ) with our towels around (ঘ) us. — জগন্নাথ বিশ্ববিদ্যালয় (সি) ২০১৩-১৪

Hints : *Had-এর পরে verb-এর past participle বসে। had stole-এর স্থলে had stolen হবে।*

30.6 Nominative case অনুযায়ী Possessive case হবে। অর্থাৎ He থাকলে, his হবে, She থাকলে her হবে। যেমন—

▶ She failed (ক) to gain (খ) admission to Rajshahi University of (গ) his (ঘ) √ choice. — রাজশাহী বিশ্ববিদ্যালয় (ই-জোড়) ২০১২-১৩

Hints : *Antecedent হিসেবে she আছে বিধায় possessive case-টি her হবে।*

30.7 সকল Modals – can, could, may, might, should, need, ought to ইত্যাদির পর সর্বদা verb-এর base form ব্যবহৃত হয়। যেমন—

▶ He need (ক) not (খ) to (গ) √ go (ঘ) there. — রাজশাহী বিশ্ববিদ্যালয় (বি-বিজোড়) ২০১২-১৩

Hints : *to উঠে যাবে। কারণ need not হচ্ছে modal তাই এর পরে verb-এর base form বসে।*

30.8 'সত্ত্বেও' অর্থে In spite-এর পর of ব্যবহৃত হয় তবে, Despite -এর পর of ব্যবহৃত হয় না।

▶ Despite of (ক) √ the pills which (খ) are available many people still (গ) have trouble (ঘ) sleeping (ঙ). — রাজশাহী বিশ্ববিদ্যালয় (ই-জোড়) ২০১২-১৩

▶ News (ক) of Charles Lindbergh's famous transatlantic flight in 1927 spread (খ) rapidly despite of (গ) √ the lack of an (ঘ) international communication system . — ঢাকা বিশ্ববিদ্যালয় ইউনিট এ ২০১০-১১

Hints : *Despite of-এর স্থলে Despite হবে।*

30.9 অসম্ভব বা অপূরণীয় ইচ্ছা প্রকাশ করতে wish-এর পর সর্বদা were ব্যবহৃত হয়।

▶ My brother is in (ক) Califorina on (খ) vacation but I wish he was (গ) √ here so that (ঘ) he could help me repair my car. — কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি-৮) ২০১২-১৩

 বইঘর.কম

► We wish today <u>was</u> sunny <u>so that</u> we <u>could spend</u> the day <u>in the country</u> communing with nature.
ⓚ√ ⓛ ⓖ ⓘ — বরিশাল বিশ্ববিদ্যালয় (বি) ২০১৩-১৪

Hints : *was-এর স্থলে were হবে।*

30.10 Parallelism-অনুসারে কোনো Word বা শব্দের ধারাবাহিকতা বজায় রাখতে হয়। যেমন কোনো Noun-এর sequence এ হঠাৎ অন্য কোনো Word বা Parts of Speech চলে আসাটা একটি ব্যাকরণগত error বা ভুল।

► <u>The</u> Lion has <u>long</u> been <u>a</u> symbol of strength, power and <u>it is very cruel.</u>
ⓚ ⓛ ⓖ ⓘ√ — রাজশাহী বিশ্ববিদ্যালয় (ফিনান্স) ২০০৮-০৯; কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি-১) ২০১৩-১৪

Hints : *It is very cruel-এর স্থলে cruelty হবে। কারণ, Parallelism অনুসারে noun হলে সব noun হবে।*

30.11 Singular determiner-এর পর singular noun/pronoun এবং plural determiner-এর পর plural noun/pronoun ব্যবহৃত হয়। যেমন—

► <u>All man</u> are equal <u>before</u> the law and are entitled <u>to equal</u> protection <u>of the law.</u>
ⓚ√ ⓛ ⓖ ⓘ — রাজশাহী বিশ্ববিদ্যালয় বিবিএ-২০১৩-১৪

Boighar.com

Hints : *man-এর স্থলে men হবে।*

30.12 যখন Noun clause কোনো বাক্যের subject হিসেবে ব্যবহৃত হয়, তখন তার পর সরাসরি verb ব্যবহৃত হবে। Verb-এর পূর্বে অন্য কোনো word বা শব্দকে Redundancy বা শব্দ বাহুল্য বলে গণ্য হয়।

► <u>Whatever</u> is grown in the <u>kitchen</u> garden <u>it</u> is not a <u>vegetable.</u>
ⓚ ⓛ ⓖ√ ⓘ — রাজশাহী বিশ্ববিদ্যালয় (বি) ২০১৩-১৪

Hints : *বাক্যে it অপ্রয়োজনীয়। Whatever is grown in the kitchen garden হচ্ছে Noun clause এবং এটিই বাক্যের subject। তাই এই subject clause-এর পরেই verb বসবে।*

www.boighar.com

# THE REAL TEST 30

## BCS Preliminary Questions

01. The only error in the sentence 'One of the recommendation made by the committee was accepted by the authorities' is—
(ক) recommendation (খ) was
(গ) accepted by (ঘ) committee
Hints : *One of the-এর পর সব সময় plural noun ব্যবহৃত হয়।*
৩৩তম বিসিএস
উত্তর ক

02. **Every** (ক) man or woman **should** (খ) vote **for** (গ) the candidate of **their** (ঘ) choice.
Hints : *Every + singular noun subject হলে তার পরবর্তী pronoun ও singular হবে। Their হলো plural।*
৩২তম বিসিএস
উত্তর ঘ

03. A doctor may be able **to diagnose** (ক) a problem **perfect,** (খ) but he may not be able to find a drug **to which** (গ) the patient **will respond** (ঘ).
Hints : *Verb-কে modify করে adverb। Perfect-এর adverb হলো perfectly।*
৩২তম বিসিএস
উত্তর খ

04. According to experts a good way **to** (ক) **improve** (খ) listening skills is **by** (গ) **watch** (ঘ) television, specially news and documentaries.
Hints : *By-এর পর gerund বসে। অর্থাৎ by + verb + ing। তাই watch-এর পরিবর্তে watching হবে।*
৩২তম বিসিএস
উত্তর ঘ

## PSC & Other Exams' Questions

01. Recognize the error as underlined in the sentence: The **invention** of the electric telegraph gave **birth** **of** the **industry**.
(ক) invention (খ) birth (গ) of (ঘ) industry
Hints : *প্রদত্ত বাক্যে underlined শব্দগুলোর মধ্যে 'of' preposition টি ভুলভাবে ব্যবহার করা হয়েছে। Give birth-এর সাথে appropriate preposition হিসেবে to ব্যবহৃত হয়। তাই অপশন c সঠিক উত্তর।*
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (BADC)-এর সহকারী প্রশাসনিক কর্মকর্তা ২০২০
উত্তর গ

02. The more **we practice** (ক) **surfing and scanning,** (খ) **the more** (গ) adept our **brain becomes** (ঘ) at those tasks. **No error.** (ঙ)
Hints : *প্রদত্ত বাক্যে কোনো ভুল নেই। প্রদত্ত বাক্যটির বাংলা : যত অধিক আমরা surfing এবং scanning অনুশীলন করি আমাদের মস্তিষ্ক তত অধিক এ সকল কাজে দক্ষ হয়ে ওঠে।*
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স (CGDF)-এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৯
উত্তর ঙ

বইঘর.কম

03. The effects of consuming electronic media are likely to be far more limited than the panic implies. No error.
(ক) effects (খ) consuming electronic media (গ) are (ঘ) far more (ঙ) No error.

Hints : *Subject effects অনুযায়ী verb are আর comparative form-এর পূর্বে far ব্যবহার সঠিক। তাছাড়া অন্য expression টিও সঠিক। সুতরাং প্রদত্ত বাক্যে কোনো ভুল নেই।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৯ উত্তর ঙ

04. 71 percent of respondents indicated that using a co-working space increased his creativity. No error
(ক) 71 percent (খ) respondents indicated (গ) using a (ঘ) increased his (ঙ) No error

Hints : *প্রদত্ত বাক্যের Subject 71 percent of respondents হলো plural। আর plural subject-কে অনুসরণ করে এর possessive adjective হবে their। সুতরাং increased his এর স্থলে increased their হলে বাক্যটি সঠিক হবে।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৯ উত্তর ঘ

05. Some argues that because the free markets allow for personal choice, they are ethical. No error
(ক) Some argues (খ) free markets allow (গ) personal choice, (ঘ) they are (ঙ) No error

Hints : *Some Subject হিসেবে ব্যবহৃত হলে plural verb গ্রহণ করে। সুতরাং some argues-এর স্থলে some argue হলে বাক্যটি grammartically সঠিক হবে।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৯ উত্তর ক

06. Co-working spaces are designated locations that, for a fee, individuals could use to conduct their work. No error
(ক) spaces are (খ) designated (গ) for a fee, (ঘ) could use to (ঙ) No error

Hints : *প্রদত্ত বাক্যটি বর্তমান সময়ের হবে। তাই that পূর্ববর্তী Clause এ কোনো ভুল নেই। That-এর পরবর্তী Clause এ could use to-এর স্থলে can use to হলে বাক্যটি সঠিক হবে।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৯ উত্তর ঘ

07. How long does it take to get the station on foot from your house? No error.
(ক) does it take (খ) the station (গ) on (ঘ) from your house (ঙ) No error.

Hints : *Get to somewhere অর্থ কোথাও পৌঁছানো। অর্থাৎ the station-এর পূর্বে to বসালে বাক্যটি সঠিক হবে।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯ উত্তর খ

08. I was so angry that I took the watch broken to the jewelers to get my money back.
(ক) so angry (খ) took (গ) watch broken (ঘ) to the jewelers (ঙ) get my money

Hints : *Noun-এর পূর্বে adjective বসে, পরে নয়। সুতরাং watch broken-এর স্থলে broken watch (ভাঙ্গা ঘড়ি) হলে বাক্যটি সঠিক হবে।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯ উত্তর গ

09. Financial problems beset many of the early museums in the US, causing its closure. No error.
(ক) Financial (খ) many of (গ) early (ঘ) its (ঙ) No error.

Hints : *Its শব্দটিকে museums-এর Possessive adjective হিসেবে ব্যবহার করা হয়েছে। কিন্তু museums হলো plural noun। তাই plural noun 'museums'-এর possessive adjective হবে their।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯ উত্তর ঘ

10. Manufacturers of consumer goods often change the styles of them products. No error.
(ক) Manufacturers (খ) goods (গ) change (ঘ) them (ঙ) No error.

Hints : *Noun-এর পূর্বে pronoun-এর possessive adjective বসে। সুতরাং them-এর স্থলে them-এর possessive adjective their হলে বাক্যটি সঠিক হবে।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯ উত্তর ঘ

www.boighar.com

11. I used to be keen of all scientific subjects but now I would prefer to study art.
(ক) used to be (খ) of (গ) scientific subjects (ঘ) I would prefer (ঙ) study art

**Hints :** *Keen on something অর্থ কোনো বিষয়ে অনুরক্ত। সুতরাং keen-এর পরে of-এর স্থলে on বসবে।*

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (BWDB)-এর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৯
উত্তর : খ

12. It was unbecoming of the players to be disrespect towards the other team's national anthem. No Error.
(ক) unbecoming (খ) disrespect (গ) towards (ঘ) other team's (ঙ) No Error.

**Hints :** *To be + adjective অথবা noun phrase বসে। সুতরাং to be disrespect-এর স্থলে to be disrespectful বসালে বাক্যটি সঠিক হবে।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৯
উত্তর : খ

13. Neither of the worker was ready to work overtime causing the deadline to be missed. No Error.
(ক) Neither of the worker (খ) to work overtime (গ) causing (ঘ) to be missed (ঙ) No Error.

**Hints :** *Neither of-এর পর plural noun/pronoun বসে এবং এরপর singular verb বসে। সুতরাং neither of the worker-এর স্থলে neither of the workers হলে বাক্যটি সঠিক হবে।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৯
উত্তর : ক

14. Parking the car at the parking lot, Ms Jones decided to take the bus to town. No Error.
(ক) Parking the car (খ) parking lot (গ) decided (ঘ) to take (ঙ) No Error.

**Hints :** *প্রদত্ত বাক্যে কোনো ভুল নেই। বাক্যে present participle এবং parking lot phrase-এর ব্যবহার সঠিক। আর decide-এর পর infinitive বসে। এসব বিবেচনায় প্রদত্ত বাক্যে কোনো ভুল নেই।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৯
উত্তর : ঙ

15. Karim together with many of his friends and relatives were present in the party. No Error.
(ক) together with (খ) friends (গ) were (ঘ) in (ঙ) No Error.

**Hints :** *Together with, along with দ্বারা যুক্ত বাক্যের sub হলো এদের পূর্বে noun বা pronoun টি। সুতরাং noun Karim-কে follow করে verb were-এর স্থলে was হলে বাক্যটি সঠিক হবে।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৯
উত্তর : গ

16. No sooner had he reached the station than the train had left. No Error.
(ক) No sooner (খ) reached (গ) than (ঘ) had left (ঙ) No Error.

**Hints :** *No sooner than যুক্ত বাক্যে দুটি clause থাকে। No sooner দ্বারা সংযুক্ত clauseটি past perfect এবং than পরবর্তী clause টি past indefinite tense হয়। সুতরাং had left-এর স্থলে শুধু left হলে বাক্যটি সঠিক হবে।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৯
উত্তর : ঘ

17. I don't know where could he have gone so early in the morning. No Error.
(ক) could he (খ) have (গ) gone (ঘ) No Error.

**Hints :** *Embedded question-এর ক্ষেত্রে relative pronoun (where) + sub + verb বসে। সুতরাং he-এর পূর্বে could না বসে he-এর পরে বসলে বাক্যটি সঠিক হবে।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কার্যালয়ের অডিটর ২০১৭
উত্তর : ক

18. She is looking forward to go to Europe next month. No Error.
(ক) looking (খ) forward (গ) to go (ঘ) No Error.

**Hints :** *Look forward-এর পর to + verb + ing বসে কিন্তু বাক্যে to + verb-এর base form ব্যবহার করা হয়েছে। সুতরাং ভুল অংশটি হলো option (গ)।*

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কার্যালয়ের অডিটর ২০১৭
উত্তর : গ

www.boighar.com

## Govt. & Private Bank Questions

01. Canals are (A) **artificial** waterways, often constructed (B) **either** to transport heavy loads or to (C) **delivering** water (D) **to cities** and farms.
ⓚ artificial ⓛ either ⓜ delivering ⓝ to cities
**Hints :** *বাক্যে Parallelism-এর জন্য either + infinitive + .... or + infinitive হলো সঠিক ধারা। সুতরাং to -এর পর delivering, deliver এ রূপান্তরিত করলে বাক্যটি সঠিক হবে।*

Sonali Bank Ltd. Officer (Cash) [Freedom Fighter] 2019 উত্তর গ

02. (A) **The** pineapple, a fruit (B) **grow** in tropical climates (C) **throughout** the world, (D) is native to parts of South America.
ⓚ The ⓛ grow ⓜ throughout ⓝ is
**Hints :** *বাক্যের ভুল অংশটি হলো grow। Apposition প্রদত্ত অংশে finite verb প্রয়োজন নেই তাই grow এর past participle grown বসালে বাক্যটি সঠিক হবে।*

Sonali Bank Ltd. Officer (Cash) [Freedom Fighter] 2019 উত্তর খ

03. A large (A) **number** of automobile (B) **part** are now (c) **made** of plastic (D) **instead** of steal.
ⓚ number ⓛ part ⓜ made ⓝ instead
**Hints :** *A large number of + plural noun হলো সঠিক sequence। সুতরাং part-এর plural form parts হলে বাক্যটি সঠিক হতো।*

Sonali Bank Ltd. Officer (Cash) [Freedom Fighter] 2019 উত্তর খ

04. **Although** a kangaroo (A) **normally** uses (B) **its large feet** and strong legs (C) **for hopping,** (D) **but it can** also swim.
ⓚ normally ⓛ its large feet ⓜ for hopping ⓝ but it can
**Hints :** *Although যুক্ত দুটি clause পরস্পর বিপরীত ধারণা নিয়ে আসে আর although দ্বারা যুক্ত clause দুটির মাঝে কোনো conjunction বসে না। সুতরাং but it can-এর স্থলে it can হলে বাক্যটি সঠিক হবে।*

Sonali Bank Ltd. Officer (Cash) [Freedom Fighter] 2019 উত্তর ঘ

05. **The securities broker is(ক) an essential(খ) link among(গ) the consumer and(ঘ) the stock market.**
**Hints :** *Among ব্যবহৃত হয় দুয়ের অধিক ব্যক্তি বা বস্তুর মাঝে বোঝাতে আর between ব্যবহৃত হয় দুয়ের মাঝে বোঝাতে। প্রদত্ত বাক্যে consumer এবং stock market এর মাঝে বোঝাতে among-এর পরিবর্তে between বসবে।*

One Bank Ltd. Special Cadre Officer (SCO) 2018 উত্তর গ

06. **The sounds of speaking(ক) language do(খ) not always(গ) match up with the symbols of(ঘ) written language.**
**Hints :** *বাক্যের শেষাংশে written language রয়েছে অর্থাৎ past participle ব্যবহার হয়েছে। কিন্তু প্রথম দিকে speaking language রয়েছে যা spoken-এ রূপান্তর করলে বাক্যটি সঠিক হবে।*

One Bank Ltd. Special Cadre Officer (SCO) 2018 উত্তর ক

07. **Walking(ক) reduces depression(খ) and anxiety, lessens stress,(গ) self-esteem is raised,(ঘ) and increases energy.**
**Hints :** *বাক্যে parallelism এর জন্য verb + noun এভাবে এগোনো লাগবে কিন্তু self-esteem is raised ব্যবহৃত হয়েছে যা ভুল। সুতরাং verb + noun কে অনুসরণ করে যদি raises self-esteem ব্যবহৃত হয় তাহলে বাক্যটি সঠিক হত।*

One Bank Ltd. Special Cadre Officer (SCO) 2018 উত্তর ঘ

08. **It is essential that commercial(ক) fishing has(খ) large shoals of fish of one species(গ) within(ঘ) reach of markets.**
**Hints :** *বাক্যে essential থাকাতে বাক্যে sub-এর পর subjunctive verb অর্থাৎ subject যাই হোক না কেন verb এর মূল form ব্যবহৃত হবে। তাই has-এর স্থলে have হলে বাক্যটি সঠিক হত।*

One Bank Ltd. Special Cadre Officer (SCO) 2018 উত্তর খ

www.boighar.com

09. Poison gas, because its (ক) stealth and murderous fumes, is the most (খ) fear-inspiring of all (গ) weapons of war (ঘ).

One Bank Ltd. Special Cadre Officer (SCO) 2018 উত্তর ক

**Hints :** *Because-এর পর clause কিন্তু because of-এরপর phrase বসে। কিন্তু প্রদত্ত বাক্যে because-এর পর phrase ব্যবহৃত হয়েছে। সুতরাং because-এর স্থলে because of ব্যবহৃত হলে বাক্যটি সঠিক হত।*

10. The training manager must estimate (ক) the expenses for the (খ) program, including costs for its (গ) develop (ঘ), delivery and evaluation.

Modhumoti Bank Ltd. Probationary Officer (PO) 2018 উত্তর ঘ

**Hints :** *Its-এর পরের word গুলোর parallelism প্রয়োজন। Delivery এবং evaluation noun গুলোকে অনুসরণ করে develop-কে noun-এ রূপান্তর করলে বাক্যটি সঠিক হবে। Develop-এর noun form হলো development।*

11. The frost-free period of high summer (ক) when (খ) mean daily temperatures (গ) are above 32 degrees, are short (ঘ).

Modhumoti Bank Ltd. Probationary Officer (PO) 2018 উত্তর ঘ

**Hints :** *When, relative pronoun দ্বারা যুক্ত sentence দুটি clause এর verb subject অনুযায়ী হবে are short-এর subject হলো the frost free period যা singular। সুতরাং are short-এর স্থলে is short হলে বাক্যটি সঠিক হবে।*

12. Counselors (ক) will be available to give students advices (খ) before they (গ) register for classes (ঘ).

Modhumoti Bank Ltd. Probationary Officer (PO) 2018; Bank Asia Ltd. Trainee Officer 2016 উত্তর খ

**Hints :** *Advice uncountable noun যার plural form নেই। সুতরাং advices ব্যবহার ভুল। Advices-এর স্থলে some pieces of advice হলে বাক্যটি সঠিক হতো।*

13. Each furniture (ক) on display in the central mall is (খ) on sale for thirty percent (গ) off the regular (ঘ) price.

Modhumoti Bank Ltd. Probationary Officer (PO) 2018; Bank Asia Ltd. Trainee Officer 2016 উত্তর ক

**Hints :** *Furniture শব্দটি non-count noun কিন্তু-এর পূর্বে each countable determiner যুক্ত রয়েছে। সুতরাং furniture-এর স্থলে piece of furniture হলে বাক্যটি সঠিক হবে।*

14. The (ক) desert pocket mouse, common in the (খ) American Southwest, it (গ) is active mainly (ঘ) at night.

Modhumoti Bank Ltd. Probationary Officer (PO) 2018 উত্তর গ

**Hints :** *বাক্যটি কোনো conjunction দ্বারা যুক্ত নেই। সুতরাং বাক্যটির subject হলো the desert pocket mouse। বাক্যটিতে it ব্যবহার অতিরিক্ত হয়েছে। It না থাকলে বাক্যটি সঠিক হতো।*

15. There is a different (ক) between income and wealth (খ); people can have a large income (গ) and no wealth (ঘ).

Exim Bank Ltd. Trainee Assistant Teller 2018 উত্তর ক

**Hints :** *Determiner 'a'-এর পর adjective কিন্তু adjective-এর পর কোনো noun নেই। কেননা article 'a' এর পর noun প্রয়োজন। সুতরাং different-এর পরিবর্তে difference হলে বাক্যটি সঠিক হতো।*

 বইঘর.কম

16. The soles of the polar bear's feet are covered (ক) with (খ) fur, which provides (গ) stability on slippery, freeze (ঘ) ground.

Exim Bank Ltd. Trainee Assistant Teller 2018 উত্তর ঘ

**Hints :** *Noun-এর পূর্বে wordগুলোর parallelism-এর জন্য adjective slippery-কে অনুসরণ করে। Verb freeze-এর adjective form frozen হলে বাক্যটি সঠিক হতো।*

17. When flares are used as (ক) distress signals, (খ) they contain (গ) chemicals that produce intensely (ঘ) colors.

Exim Bank Ltd. Trainee Assistant Teller 2018 উত্তর ঘ

**Hints :** *বাক্যটির ভুল অংশটি হলো intensely কারণ শব্দটি adverb। আর adverb, adjective, verb সম্পূর্ণ বাক্যকে modify করতে পারে কিন্তু noun-কে নয়। সুতরাং noun colors-এর পূর্বে adverb নয় word টির adjective form (intense) বসবে।*

18. A group of historians (ক) judged the computer to be the most (খ) influence (গ) invention of the twentieth (ঘ) century.

Exim Bank Ltd. Trainee Assistant Teller 2018 উত্তর গ

**Hints :** *বাক্যে most থাকাতে বোঝা যাচ্ছে যে, বাক্যে most-এর পরে adjective প্রয়োজন। সুতরাং influence-এর স্থলে influential হলে বাক্যটি সঠিক হতো।*

19. Because (ক) they had spent too many (খ) time considering (গ) the new contract, the students lost the oportunity to lease (ঘ) the apartment. No error (ঙ)

City Bank Ltd. Trainee Officer 2018 উত্তর খ

**Hints :** *Time হলো uncountable noun তাই এর পূর্বে uncountable determiner বসবে। সুতরাং too many-এর স্থলে too much হলে বাক্যটি grammatically সঠিক হতো।*

20. She has not (ক) completed the assignment (খ) yet (গ) and Maria hasn't neither. (ঘ) No error (ঙ)

City Bank Ltd. Trainee Officer 2018; Islami Bank Bangladesh Ltd. Asst. Trainee Officer (General/Cash) 2017 উত্তর ঘ

**Hints :** *Negative statement-এর ক্ষেত্রে and এর পর agreement-এর structure হলো subject + negative auxiliary + either অথবা neither + positive auxiliary + sub। সুতরাং hasn't neither এর স্থলে hasn't either হলে বাক্যটি সঠিক হতো।*

21. The food (ক) that Rita is cooking (খ) in the kitchen is smelling (গ) delicious. (ঘ) No error (ঙ)

City Bank Ltd. Trainee Officer 2018 উত্তর গ

**Hints :** *See, smell, understand, appear হলো stative verb যারা present continuous tense-এ ব্যবহৃত হয় না। তাই is smelling-এর স্থলে smells হলে বাক্যটি সঠিক হতো।*

22. The fire began in (ক) the fifth floor (খ) of the hotel but it soon spread (গ) to adjacent floors (ঘ). No error (ঙ)

City Bank Ltd. Trainee Officer 2018 উত্তর ক

**Hints :** *Building-এর তলা বোঝাতে on prepositionটি ব্যবহৃত হয়। সুতরাং in এর স্থলে on preposition ব্যবহৃত হলে বাক্যটি সঠিক হতো।*

23. When a university (ক) formulated new regulations (খ) it must relay (গ) its decision (ঘ) to the students. No error (ঙ)

City Bank Ltd. Trainee Officer 2018 উত্তর ঙ

**Hints :** *প্রদত্ত বাক্যে কোনো grammatical ভুল নেই বা word-এর প্রয়োগগত ভুল নেই। সুতরাং সঠিক উত্তর (ঙ)।*

www.boighar.com

Boighar.com


24. We insist on you leaving the meeting before any further out bursts take place.
(ক) (খ) (গ) (ঘ)
Hints : *প্রশ্নোক্ত বাক্যে (ক) you অপশনটি ভুল। কারণ insist on + pronoun-এর possessive form + (verb + ing) হয়। তাই you-এর পরিবর্তে your হবে।*

Islami Bank Bangladesh Ltd. Asst. Trainee Officer (General/Cash) 2017
উত্তর: ক

25. Identify the incorrect part of the following sentence.
It is often difficulty for an individual to adjust to new environment.
(ক) (খ) (গ) (ঘ)
Hints : *It is এর পর adjective form difficult বসবে।*

Janata Bank Ltd. Senior Officer (IT) 2016
উত্তর: খ

26. Identify the incorrect part of the following sentence.
It must have been her at the door.
(ক) (খ) (গ) (ঘ)
Hints : *দরজায় দাঁড়ানো একজন ব্যক্তিকে বোঝাচ্ছে, সুতরাং সেটি her না হয়ে subjective form–she হবে। বাক্যটি simple sentence-এ She must have been at the door.*

Janata Bank Ltd. Senior Officer (IT) 2016
উত্তর: গ

27. Identify the incorrect part of the following sentence.
No sooner had he arrived than the rain started. None of these
(ক) (খ) (গ) (ঘ)

Janata Bank Ltd. Senior Officer (IT) 2016
উত্তর: ঘ

28. Identify the incorrect part of the following sentence.
Not only he cheated in the exam but also he argued at the teacher.
(ক) (খ) (গ) (ঘ)
Hints : *কারো সাথে তর্ক করা বোঝাতে argue-এর পরে with বসে।*

Janata Bank Ltd. Senior Officer (IT) 2016
উত্তর: ঘ

29. Identify the incorrect part of the following sentence.
Cholera is a very common disease, which usually effects children.
(ক) (খ) (গ) (ঘ)
Hints : *Effects (ফলাফলসমূহ) এর পরিবর্তে affects (ক্ষতি বা প্রভাবিত বা আক্রান্ত করা) হবে।*

Janata Bank Ltd. Senior Officer (IT) 2016
উত্তর: ঘ

30. Identify the incorrect part of the following sentence.
The price of crude oil used to be a great deal low than now.
(ক) (খ) (গ) (ঘ)
Hints : *বাক্যটি দ্বারা তুলনা বোঝাচ্ছে তাই এটি comparative degree সুতরাং low এর বদলে 'lower' হবে।*

Janata Bank Ltd. Senior Officer (IT) 2016
উত্তর: ঘ

31. Identify the incorrect part of the following sentence.
Mr. Ashfaq lived in Dhaka since 1960 to 1975, but he is now living in Sylhet.
(ক) (খ) (গ) (ঘ)
Hints : *Since এর পরিবর্তে from হবে। 'এত সময় থেকে তত সময়' বোঝাতে from ... to ব্যবহৃত হয়।*

Janata Bank Ltd. Senior Officer (IT) 2016
উত্তর: খ

32. Identify the incorrect part of the following sentence.
Suriya was upset last night because she had to do too many homeworks.
(ক) (খ) (গ) (ঘ)
Hints : *Countable noun-এর ক্ষেত্রে many এবং uncountable noun এর ক্ষেত্রে much বসে। Homework এখানে uncountable noun, সুতরাং তার আগে much বসবে।*

Janata Bank Ltd. Senior Officer (IT) 2016
উত্তর: ঘ

www.boighar.com

বইঘর.কম

**33. Find out which underlined part of the following sentence has an error.**

Evaporation (ক) is the process that (খ) a liquid turns into (গ) a vapor at a temperature below its boiling point (ঘ).

Bank Asia Ltd. Trainee Officer 2016 উত্তর খ

**Hints :** *The process that অংশটি সঠিক নয়। এখানে the process in which হবে।*

**34. Find out which underlined part of the following sentence has an error.**

**Potatoes (ক) require a temperate climate (খ) with a regular and plentiful supplies (গ) of rain (ঘ).**

Bank Asia Ltd. Trainee Officer 2016 উত্তর গ

**Hints :** *Rain এর supplyটি plural form না হয়ে Supply হবে কেননা 'a' ব্যবহৃত হয়েছে। সুতরাং ভুল অংশটি হলো Option (গ)।*

**35. Find out which underlined part of the following sentence has an error.**

Many psychologists belief (ক) that it (খ) is young adulthood and not middle age that is (গ) the most **stressful period of adult life (ঘ).**

Bank Asia Ltd. Trainee Officer 2016 উত্তর ক

**Hints :** *Psychologists-এর পর belief (Noun form) হবে না, বরং verb form believe হবে। সুতরাং ভুল Option টি (ক)।*

**36. Find out which underlined part of the following sentences has an error.**

When an object is heated (ক), the molecules move faster (খ) and the faster they move (গ), the hot (ঘ) object.

Standard Bank Ltd. Recr. Test for TAO 2016 উত্তর ঘ

**Hints :** *Double comparative-এর structure অনুযায়ী ভুল অংশটি হলো hot কেননা double comparative-এর structure হলো the + comparative ..... the + comparative। সুতরাং hot এর স্থলে hotter হলে বাক্যটি সঠিক হবে।*

**37. Find out which underlined part of the following sentence has an error.**

**Thomas Edison's the most (ক) significant contribution was his development of the first (খ) practical light bulb and his design for a complete (গ) electrical (ঘ) distribution system for lighting.**

Standard Bank Ltd. Recr. Test for TAO 2016 উত্তর ক

**Hints :** *এখানে most এর আগে the এর ব্যবহারটি ভুল। কেননা possessive form এর পর সরাসরি adjective-এর superlative form বসে, the বসে না।*

**38. Find out which underlined part of the following sentence has an error.**

**When (ক) the sun is setting in Dhaka, on the directly side opposite (খ) of the earth New York is just emerging (গ) into sunlight (ঘ).**

Standard Bank Ltd. Recr. Test for TAO 2016 উত্তর খ

**Hints :** *Option (খ) ভুল, যার সঠিক রূপ হবে Opposite side।*

**39. Find out which underlined part of the following sentence has an error.**

Trenches in the ocean floor are of great interest (ক) because they are lines where (খ) the earth **crust often is so weak (গ) to resist the impact of frequent earthquakes (ঘ).**

Standard Bank Ltd. Recr. Test for TAO 2016 উত্তর গ

www.boighar.com

**Hints :** *Too weak to resist হবে। উদাহরণ : I'm too weak to walk– আমি এতই দুর্বল যে হাঁটতে পারছি না। Too ... to এভাবে negative meaning নিয়ে আসে। Too ... to কে so ... that দিয়ে প্রকাশ করা যায় I'm so weak that I can not walk। এখানে sentence এই সরাসরি can not walk বলা হয়েছে, অথচ too ... to তে can not বলতে হয় না। দুটিই negative meaning।*

**40. Find out which underlined part of the following sentence has an error.** Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer 2016 উত্তর: ঘ

**Some research suggests (ক) that personality differences are (খ) more strongly related (গ) to social role than it is (ঘ) to age.**

**Hints :** *Than এর পরে ব্যবহৃত pronounটি noun personality differences-এর পরিবর্তিত রূপ। কিন্তু personality differences plural হওয়ায় plural noun কে অনুসরণ করে than -এর পরে they are হবে সঠিক expression।*

**41. Find out which underlined part of the following sentence has an error.** Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer 2016 উত্তর: ক

**The corporation is the formalest (ক) business arrangement (খ) and the (গ) sole proprietorship is the least complex. (ঘ)**

**Hints :** *Is the most formal হবে। Formal এর কোনো formaler, formalest এর মতো comparative বা superlative হয় না।*

**42. Find out which underlined part of the following sentence has an error.** Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer 2016 উত্তর: গ

**Despite the differences (ক) between the speaking styles (খ) of boys and girls, there is (গ) some similarities in their styles (ঘ) and concerns.**

**Hints :** *There are হবে। Some similarities– হচ্ছে plural।*

**43. Find out which underlined part of the following sentence has an error.** Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer 2016 উত্তর: গ

**If one wants (ক) to keep up with the rapid advances in work place technology (খ) they (গ) must plan to take (ঘ) frequent refresher courses.**

**Hints :** *Option (গ)-এর স্থলে one হবে। কেননা one এর pronoun হিসেবে one-ই ব্যবহৃত হয়।*

## University & Medical Questions

**01. In an editorial, (ক) a writer may criticize, praise, (খ) or merely to discuss (গ) actions of some public official (ঘ) or group.** ঢাবি 'B' ইউনিট ২০১৯-২০ উত্তর: গ

**Hints :** *May modal auxiliary verb-এর পর verb-গুলোর parallel structure প্রয়োজন। Criticize, praise-এর সাথে মিল রেখে to discuss-এর স্থলে discuss হলে বাক্যটি সঠিক হবে।*

**02. Ancient drawings indicate (ক) that juggling is at least (খ) a three thousand (গ)-years (ঘ)-old skill.** ঢাবি 'B' ইউনিট ২০১৯-২০ উত্তর: ঘ

**Hints :** *Hyphen যুক্ত adjective-এর plural form ব্যবহার করা যাবে না। সুতরাং years-এর স্থলে year হলে বাক্যটি সঠিক হবে।*

03. **Take this <u>medicine</u> and <u>you will</u> <u>soon</u> <u>come about</u>.**
ⓚ ⓚ ⓖ ⓘ

চবি 'ঘ' ইউনিট ২০১৯-২০ উত্তর ঘ

**Hints :** *Come about (ঘটা)-এর স্থলে come round (আরোগ্য লাভ করা) হবে। Come about-এর স্থলে come round বসিয়ে বাক্যটির বাংলা : এ ঔষধ গ্রহণ করো এবং তুমি শীঘ্রই আরোগ্য লাভ করবে।*

04. **He <u>could</u> not do <u>well</u> in the examination <u>because</u> he <u>studied hardly</u>.**
ⓚ ⓦ ⓖ ⓘ

চবি 'B' ইউনিট ২০১৯-২০ উত্তর ঘ

**Hints :** *বাক্যের ভুল অংশটি হলো studied hardly। কারণ hardly শব্দটি main verb টির পূর্বে বসে। সুতরাং studied hardly-এর স্থলে hardly studied হলে বাক্যটি সঠিক হবে।*

05. **The <u>younger</u> <u>you are</u>, <u>the easy</u> it is <u>to learn</u>.**
ⓚ ⓦ ⓖ ⓘ

চবি 'B' ইউনিট ২০১৯-২০ উত্তর গ

**Hints :** *Double comparative-এর structure The + comparative — the + comparative। সুতরাং easy-এর comparative form easier হলে বাক্যটি সঠিক হবে।*

06. **Which underlined part of the following sentence is incorrect?**
**Rumana, <u>together with</u> <u>her brother</u>, <u>are</u> going to <u>perform</u> the show.**
ⓚ ⓦ ⓖ ⓘ

চবি 'ডি' ইউনিট ২০১৯-২০ উত্তর গ

**Hints :** *বাক্যের ভুল অংশটি হলো are। কারণ প্রদত্ত বাক্যটির subject হলো Rumana যা 3rd person singular number। সুতরাং singular subject-কে follow করে are-এর স্থলে is হলে বাক্যটি সঠিক হবে।*

07. **The examination <u>will test</u> your ability <u>to understand</u> <u>spoken english</u>,**
ⓚ ⓦ ⓖ
**to read non-technical language, and <u>writing</u> correctly.**
ⓘ

চবি 'ডি' ইউনিট ২০১৯-২০ উত্তর ঘ

**Hints :** *To + verb এভাবে বাক্যটি parallelism করতে হবে। সুতরাং writing-এর স্থলে to write হলে বাক্যটি সঠিক হবে।*

08. **The registrar has requested that each student and teacher <u>sign</u> <u>their names</u>**
ⓚ ⓦ
**on the grade sheet before <u>submitting</u> <u>it</u>.**
ⓖ ⓘ

চবি 'ডি' ইউনিট ২০১৯-২০ উত্তর খ

09. **Had Sarwar <u>been</u> able to <u>complete</u> his thesis instead of <u>returning</u> home,**
ⓚ ⓦ ⓖ
**he <u>would graduate</u> a year ago.**
ⓘ

চবি 'ডি' ইউনিট ২০১৯-২০ উত্তর ঘ

**Hints :** *Had + sub + verb-এর p.p (if + sub + had + verb-এর p.p) থাকলে result clause-এর structure হবে sub + would + have + verb-এর p.p। সুতরাং would graduate-এর স্থলে would have graduated হলে বাক্যটি সঠিক হবে।*

10. **<u>In the sixteenth century</u>, Spain became <u>involved</u> in foreign wars with**
ⓚ ⓦ
